



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
অফিস ফোন : ০২- ৯৫৫২২০২
e-mail: dgmewt@krishibank.org.bd



প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

নংপ্রকা/ককপবি-১৯/২০১৯-২০২০/৯৫৮

তারিখ : ০৩-০৩-২০২০ খ্রিঃ

- ১। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়।
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা/উপমহাব্যবস্থাপক কর্পোরেট শাখা।
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা।
- ৬। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংকের মৃত কর্মকর্তা/কর্মচারীদের মৃত্যু পরবর্তী অনুদান প্রাপ্তির আবেদন যথাযথভাবে শ্রেরন প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে ২১.০৮.২০১৭ তারিখে সর্বশেষ জারীকৃত ব্যাংকের প্রশাসন পরিপত্র নং -১৭/২০১৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।


- ০২। উক্ত পরিপত্র মারফত বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের জন্য মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প সংক্রান্ত নীতিমালা-২০১৭ জারী করা হয়। ব্যাংকের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায় হতে বর্ণিত নীতিমালার অধীনে প্রাপ্ত অধিকাংশ আবেদন পরীক্ষা করে প্রয়োজনীয় কাগজপত্রের ঘাটতি ও ত্রুটি বিদ্যুতি পরিলক্ষিত হয়। ফলশ্রুতিতে এসব আবেদনপত্র নিষ্পত্তিকরনে অহেতুক বিলম্ব হয়।
- ০৩। অত্র ব্যাংক কর্মীদের মৃত্যু পরবর্তী অনুদান সংক্রান্ত আবেদনগুলো দ্রুত নিষ্পত্তির স্বার্থে নিম্ন বর্ণিত কাগজপত্রসহ নিয়ন্ত্রনকারী কার্যালয়ের সুস্পষ্ট সুপারিশসহ সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

- (ক) মৃত্যু পরবর্তী অনুদান প্রাপ্তির আবেদনপত্র।
- (খ) অনুমোদিত ডাক্তার/হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হতে মৃত্যুর সনদপত্র (ডেথ সার্টিফিকেট)।
- (গ) মনোনয়নপত্রের মূল কপি।
- (ঘ) মনোনয়নপত্রের মূল কপি না থাকলে আদালত কর্তৃক প্রদত্ত সাকসেশন সার্টিফিকেট।
- (ঙ) হাল নাগাদ দায়দেনার প্রত্যয়নপত্র।
- (চ) দায়দেনা কর্তনের ক্ষমতাপত্র।
- (ছ) সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র।
- (জ) স্ত্রীর/স্বামীর ক্ষেত্রে পুনঃ বিবাহে আবদ্ধ হননি এ মর্মে প্রত্যয়নপত্র।
- (ঝ) মৃত্যু সংক্রান্ত মান্যাসিক প্রতিবেদন (নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক)।
- (ঞ) পি আর এল মঞ্জুরীপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- (ট) সর্বশেষ ০৩(তিন) বছর কর্মস্থলের বিবরণী।

- ০৫। শাখা/কার্যালয় ও নিয়ন্ত্রনকারী কার্যালয় হতে আবেদনকারী কর্মকর্তা/কর্মচারীর নাম, পদবী, ভবিষ্য তহবিল সূচক নম্বর, জন্ম তারিখ, ব্যাংকের চাকুরীতে যোগদানের তারিখ, মৃত্যুর তারিখ, মৃত্যুর কারণ, মৃত্যুকালে সংশ্লিষ্ট কর্মীর বয়স ও পিআরএল গমনের তারিখসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখ পূর্বক সুস্পষ্ট সুপারিশ/মতামত সহ স্ব-স্ব বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে আবেদনপত্র অত্র বিভাগে প্রেরনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,


আপনার বিশ্বস্ত


মো. মমিনুল ইসলাম তালুকদার
উপ-মহাব্যবস্থাপক
তারিখ : ০৩-০৩-২০২০ খ্রিঃ

নংপ্রকা/ককপবি-১৯/২০১৯-২০২০/৯৫৮(৪০)

সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
- ০৬। সচিব /সকল উপ-মহাব্যবস্থাপক/ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৭। নথি/ মহানথি।


মেহেদী হাছান
কর্মকর্তা